# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# উপজেলা ভূমি অফিস
# শ্রীপুর, গাজীপুর।

# ভূমি সংক্রান্ত কোন সেবা কিভাবে পাবেন!!

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রাপ্তির সময় | সেবা প্রদানের পদ্ধতি | সেবা প্রদানের স্থান |
|---|---|---|---|---|
| ০১ | নামজারী ও জমাভাগের মাধ্যমে রেকর্ড হালকরণ | ২১ দিন-৩০ দিন | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, সার্ভেয়ার/কানুনগো এর প্রতিবেদন প্রাপ্তি, নোটিশ জারীর মাধ্যমে পক্ষগণের শুনানী গ্রহণ এবং মূল দলিলপত্র উপস্থাপনের পর নামজারীর আদেশ প্রদান করা হয়। কোর্ট ফি এবং সরকারী ফি বাবদ ১১৫০/- টাকা ডিসিআর এর মাধ্যমে গ্রহণ করা হয়। দাখিলার মাধ্যমে ভূমি উন্নয়ন কর আদায়ের জন্য ইউনিয়ন ভূমি অফিসে পাঠানো হয়। | ১। উপজেলা ভূমি অফিস<br>২। ইউনিয়ন ভূমি অফিস |
| ০২ | নামজারী রিভিউ/ মিস মোকদ্দমার মাধ্যমে বিরোধ নিষ্পত্তি | অনুর্দ্ধ ৯০ দিন | সহকারী কমিশনার (ভূমি) বরাবর আবেদন করতে হয়। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, সার্ভেয়ার/কানুনগো এর প্রতিবেদন প্রাপ্তি ও পক্ষগণের শুনানীর মাধ্যমে মূল দলিলপত্র ও রেকর্ডপত্র উপস্থাপনের পর বিরোধ নিষ্পত্তির আদেশ প্রদান করা হয়। | ১। উপজেলা ভূমি অফিস<br>২। ইউনিয়ন ভূমি অফিস |
| ০৩ | রেন্ট সার্টিফিকেট মামলার মাধ্যমে দাবী আদায় | অনুর্দ্ধ ৯০ দিন | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার প্রতিবেদনের আলোকে সরকারী পাওনা আদায় আইন,১৯১৩ অনুযায়ী ভূমি উন্নয়ন করের দাবী আদায়ের জন্য সার্টিফিকেট মামলা দায়েরের পর পক্ষগণের শুনানীর মাধ্যমে সরকারী পাওনা আদায় করা হয়। | ১। উপজেলা ভূমি অফিস<br>২। ইউনিয়ন ভূমি অফিস |
| ০৪ | সরকারী স্বার্থে সম্পত্তির সীমানা নির্ধারণ | অনুর্দ্ধ ৯০ দিন | জেলা প্রশাসক বরাবর আবেদন করতে হয়। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ও সার্ভেয়ার/কানুনগোর প্রতিবেদন প্রাপ্তির পর পক্ষগণের শুনানীর মাধ্যমে শুধুমাত্র সরকারী স্বার্থে সার্ভেয়ার দ্বারা সীমানা চিহ্নিত করে অনুমোদনের জন্য জেলা প্রশাসকের কার্যালয়ে সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করা হয়। | ১। রাজস্ব শাখা, জেলা প্রশাসকের কার্যালয়।<br>২। উপজেলা ভূমি অফিস |
| ০৫ | ভূমিহীনদের কৃষি খাস জমি বন্দোবস্ত প্রদান | অনুর্দ্ধ ৯০ দিন | সহকারী কমিশনার (ভূমি) বরাবর নির্ধারিত ফরমে আবেদন করতে হয়। কৃষি খাস জমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা-১৯৯৭ অনুযায়ী ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার নিকট হতে প্রস্তাব প্রাপ্তির পর সার্ভেয়ার/কানুনগো কর্তৃক যাচাইয়ের মাধ্যমে সুপারিশের প্রেক্ষিতে প্রস্তাব অনুমোদনের জন্য উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে জেলা প্রশাসকের কার্যালয়ে সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করা হয়। | ১। রাজস্ব শাখা, জেলা প্রশাসকের কার্যালয়।<br>২। উপজেলা ভূমি অফিস<br>৩। ইউনিয়ন ভূমি অফিস |
| ০৬ | অকৃষি খাস জমি বন্দোবস্ত প্রস্তাব প্রেরণ | অনুর্দ্ধ ৯০ দিন | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ও সার্ভেয়ার/কানুনগোর প্রতিবেদন প্রাপ্তির পর অকৃষি খাস জমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা-১৯৯৫ অনুযায়ী বন্দোবস্ত প্রস্তাব অনুমোদনের জন্য উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়। | ১। উপজেলা ভূমি অফিস<br>২। ইউনিয়ন ভূমি অফিস |
| ০৭ | জমির শ্রেণী পরিবর্তনের প্রস্তাব প্রেরণ | অনুর্দ্ধ ৬০ দিন | সহকারী কমিশনার (ভূমি) বরাবর আবেদন করতে হয়। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, সার্ভেয়ার/কানুনগোর প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে শুনানীর পর জমির শ্রেণী পরিবর্তনের প্রস্তাব অনুমোদনের জন্য উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে জেলা প্রশাসকের কার্যালয়ে সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করা হয়। | ১। রাজস্ব শাখা, জেলা প্রশাসকের কার্যালয়।<br>২। উপজেলা ভূমি অফিস |
| ০৮ | অর্পিত ও পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা | অনুর্দ্ধ ৯০ দিন | (ক) কৃষি, অকৃষি ও আবাসিক অর্পিত ও পরিত্যক্ত সম্পত্তি, পুকুর/দিঘী, ঝিল যথাক্রমে একতা ভিত্তিতে প্রকাশ্যে নিলামের মাধ্যমে তিন বছর মেয়াদী ইজারা প্রদান করা হয়।<br>(খ) 'ক' তফসিলভুক্ত কৃষি, অকৃষি, আবাসিক অর্পিত সম্পত্তি একসনা ভিত্তিতে যে সকল সম্পত্তি ইতোপূর্বে লীজ দেয়া হয়েছে ঐ সকল সম্পত্তি ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার প্রতিবেদনের আলোকে লীজের শর্তভঙ্গ না করলে লীজমানি গ্রহণপূর্বক নবায়ন করা হয়। লীজের শর্ত ভঙ্গ করলে নাম পরিবর্তনের মাধ্যমে ভিন্ন নামে আগ্রহী প্রার্থীর অনুকূলে লীজ দেয়া হয়। | ১। উপজেলা ভূমি অফিস<br>২। ইউনিয়ন ভূমি অফিস |
| ০৯ | পেরিফেরীভুক্ত বাজারের একসনা বন্দোবস্ত প্রদান | অনুর্দ্ধ ৯০ দিন | পেরিফেরী অনুমোদিত হাট-বাজার সমূহে অবস্থিত চান্দিনা ভিটিসমূহ প্রকৃত ব্যবসায়ীদেরকে দখল বিবেচনা করে পরিবার প্রতি শুধুমাত্র একজনকে সর্বোচ্চ ০.০০৫০ একর বা আধা শতক বা ২০ বর্গমিটার ভূমি প্রতি বর্গমিটার বার্ষিক ১৩/- টাকা হারে লীজমানি গ্রহণপূর্বক একসনা ইজারা দেয়া হয়ে থাকে। | ১। উপজেলা ভূমি অফিস<br>২। ইউনিয়ন ভূমি অফিস |
| ১০ | ভূমি উন্নয়ন কর সংশোধন | ৩০ দিন-৪৫ দিন | সহকারী কমিশনার (ভূমি) বরাবর আবেদন করতে হয়। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, সার্ভেয়ার/কানুনগোর প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে শুনানীর পর ভূমি উন্নয়ন কর সংশোধনের আদেশ প্রদান করা হয়। | ১। উপজেলা ভূমি অফিস |
| ১১ | আদালতের আদেশ মোতাবেক রেকর্ড সংশোধন | অনুর্দ্ধ ৬০ দিন | আবেদন প্রাপ্তির পর সরেজমিনে তদন্ত ও রেকর্ডপত্রাদি যাচাইঅন্তে প্রস্তাব/প্রতিবেদনের জন্য ইউনিয়ন ভূমি অফিসে প্রেরণ এবং প্রস্তাব প্রাপ্তির পর সরকারী স্বার্থ জড়িত না থাকলে আদালতের আদেশ মোতাবেক রেকর্ড সংশোধনের আদেশ প্রদান করা হয়। | ১। আরএম শাখা, জেলা প্রশাসকের কার্যালয়।<br>২। উপজেলা ভূমি অফিস<br>৩। ইউনিয়ন ভূমি অফিস |
| ১২ | দেওয়ানী মোকদ্দমার তথ্য বিবরণী প্রেরণ | অনুর্দ্ধ ২১ দিন | আদালতের আদেশ প্রাপ্তির পর সরেজমিনে তদন্ত ও রেকর্ডপত্রাদি যাচাইঅন্তে দেওয়ানী মোকদ্দমার তথ্য বিবরণী প্রস্তুত করার জন্য ইউনিয়ন ভূমি অফিসে প্রেরণ এবং তথ্য বিবরণী প্রাপ্তির পর সরকারী স্বার্থ জড়িত না থাকলে জেলা প্রশাসকের কার্যালয়ে সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করা হয়। | ১। উপজেলা ভূমি অফিস<br>২। ইউনিয়ন ভূমি অফিস |
| ১৩ | খতিয়ান ও নথির সার্টিফাইড কপি প্রদান | অনুর্দ্ধ ১৫ দিন | ভারপ্রাপ্ত কর্মকর্তা, রেকর্ডরুম শাখা, জেলা প্রশাসকের কার্যালয় বরাবর আবেদন করতে হয়। জেলা রেকর্ডরুমে চাহিত পত্র পাওয়ার পর সংশ্লিষ্ট অফিস সহকারীর মাধ্যমে নথি তলব করে উপজেলা ভূমি অফিস হতে জেলা প্রশাসকের কার্যালয়ের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করা হয়। | ১। রেকর্ডরুম শাখা, জেলা প্রশাসকের কার্যালয়।<br>২। উপজেলা ভূমি অফিস |
| ১৪ | সরকারী খাস জমির অবৈধ দখলকার উচ্ছেদ | অনুর্দ্ধ ৯০ দিন | সরকারী খাস জমিতে অবৈধ দখলকার থাকলে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা বা যে কোন ব্যক্তির দরখাস্তের প্রেক্ষিতে সার্ভেয়ার কর্তৃক সীমানা নির্ধারণ করে উচ্ছেদ মামলা রুজু করে জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয় এবং জেলা প্রশাসকের আদেশের প্রেক্ষিতে উচ্ছেদ কার্যক্রম পরিচালনা করা হয়। | ১। রাজস্ব শাখা, জেলা প্রশাসকের কার্যালয়।<br>২। উপজেলা ভূমি অফিস |